তারিখ ... 04 JAN. 1990 ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৬৭

দৈনিক সংবাদ

২৩

০১

# চাটমোহর কলেজে লেখাপড়ায় স্বাভাবিক পরিবেশ নেই

বেড়া (পাবনা) ২রা জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা) ।—চাটমোহর উপজেলার একমাত্র ডিগ্রী কলেজটি নানাবিধ সমস্যায় জর্জরিত। দীর্ঘদিন থেকে অনিয়ম ও অব্যবস্থা চলতে থাকায় শিক্ষা প্রতিষ্ঠানটিতে লেখাপড়ার স্বাভাবিক পরিবেশ নেই। দু'দল ছাত্রের মধ্যে কোন্দল ও সংঘর্ষের কারণে কলেজের একমাত্র ছাত্রাবাসটির গত দু'বছর ধরে বন্ধ রয়েছে। অবহেলিত অবস্থায় পড়ে থেকে ছাত্রাবাসটির ছাদ ভেঙ্গেচুরে যাচ্ছে। বারান্দার টিন চুরি হয়েছে। দরজা জানালা ও আসবাবপত্র নষ্ট হয়ে যাওয়ায় এখন তা পরিত্যক্ত হয়ে পড়েছে। ফলে দূরদূরান্তের ছাত্রদের চরম আবাসিক সংকটের মধ্যে পড়তে হয়েছে। কলেজ পাঠাগার ও ক্রীড়া বিভাগে পর্যাপ্ত বইপত্র ও খেলাধুলার সামগ্রী নেই। বিজ্ঞান গবেষণাগার এবং ছাত্র সংসদের কোন কক্ষ নেই। এমনকি, ছাত্রছাত্রীদের পৃথক কোন কমনরুম নেই। কলেজটিতে বর্তমান ছাত্র-ছাত্রী সংখ্যা প্রায় ১ হাজার। ৩ জন ডেমোনেস্ট্রেটরসহ শিক্ষক রয়েছেন ২৩ জন। সরকারী অনুদান ও ছাত্র বেতনই একমাত্র আয়ের উৎস। আর্থিক সমস্যার কারণে কলেজটিতে বি, এ, ও বি, কম ক্লাস চালু করা হলেও বিজ্ঞান বিভাগে স্নাতক শ্রেণী খোলা সম্ভব হয়নি। কলেজে কোন সীমানা দেয়াল নেই। ফলে কলেজ চত্বর গোচারণ ভূমিতে পরিণত হয়েছে। কলেজ পরিচালনায় অনিয়মের অভিযোগ রয়েছে।

কলেজের যাবতীয় হিসাব নিকাশ প্রস্তুত ও কাগজপত্র সংরক্ষণে ব্যর্থতা, কলেজ উন্নয়নের ব্যাপারে উদাসীনতা, ইত্যাদি কারণে গত ৩-৬-৮৯ তারিখে অনুষ্ঠিত এক সভায় রেজুলেশনের মাধ্যমে কলেজের একজন সিনিয়র অধ্যাপককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া হয়।

চাটমোহর ডিগ্রী কলেজের অভ্যন্তরে অনিয়ম দূরীকরণ ও সমস্যার সমাধানের মধ্য দিয়ে ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষালাভের পথ সুগম করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট স্থানীয় অভিভাবকবৃন্দ জোর দাবী জানিয়েছেন।